# Bengali

## [NEP]

## B.A./B.Sc. Third Semester End Examination-2024

## PAPER- AEC MIL-II

***Full Marks : 40*** ***Time : 02 Hrs***

*The figures in the right hand margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*Illustrate the answers wherever necessary.*

### বিভাগ - ক

**যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :-** ৫ x ২= ১০

১। 'ওরা কাজ করে' কবিতাটি কোন্ কাব্য গ্রন্থের অন্তর্গত ? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

২। 'নারী' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত ? কাব্য গ্রন্থটির প্রকাশকাল লেখো।

৩। হস্তীভাণ্ডার বিজ্ঞাপনটি কে দিয়েছিলো ? হস্তিনীর প্রতিদিনের ভাড়া কত টাকা ?

৪। কল্যাণীর বয়স কত ? কোন তারিখে তার বিবাহের দিন স্থির হয়েছিল ?

৫। নিরুপমার পিতার নাম ও শ্বশুরের নাম লেখো।

৬। মি: ভোস শুখনিকে প্রথমে কত টাকা দিতে চেয়েছিলো ? শুখনি কত টাকা চেয়েছিলো ?

৭। তুলসী লাহিড়ীর 'দেবী' নাটকের স্থান ও কাল উল্লেখ করো।

৮। বিবাহের সময় ভামিনীর বরের বয়স কত ছিলো ? সে কত টাকা পন দিয়ে ভামিনীকে বিয়ে করেছিলো ?

## বিভাগ – খ

**যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-** **৪ x ৫= ২০**

৯। "শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি" - অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১০। 'আদরিনী' গল্পের আলোকে আদরিনীর পরিচয় দাও।

১১। সংক্ষেপে আলোচনা করো: নিরুপমা চরিত্র।

১২। 'দেবী' নাটকের আলোকে শুখনি চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

১৩। শারীরিক অসুস্থতার কারণে তোমার এক সপ্তাহ ছুটি প্রয়োজন। ছুটির আবেদন জানিয়ে মহাবিদ্যালয়ের অধ্যক্ষা মহাশয়ার নিকটএকটি পত্র প্রেরণ করো।

১৪। ভাবার্থ লেখো:

যত বড় হোক ইন্দ্রধনু সে সুদূর আকাশে আঁকা
আমি ভালোবাসি মোর ধরণীর প্রজাপতিটির পাখা।

## বিভাগ – গ

**যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:-** **১x ১০= ১০**

১৫। 'ওরা কাজ করে' কবিতার শিরোনাম কতখানি সার্থক হয়েছে – তা আলোচনা করো।

১৬। অনুচ্ছেদ রচনা করো :

তোমার প্রিয় কবি।